



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭৫৩৬৭৫৪১/ ২৭৯/৮ নথি নং- ৯৯৯৯৯৯-১১২ তারিখঃ ৩১.০১.২০১৮খ্রিঃ


বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন বাকীপুর ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার নিয়মিত কমিটিতে একজন সদস্য অবৈধভাবে অভিভাবক সদস্য পদে নির্বাচিত হওয়া এবং উক্ত অভিভাবক সদস্য কর্তৃক মাদ্রাসায় বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে জনৈক মোঃ ইয়াকুব অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।


সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


26-01-18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
বেগমগঞ্জ, নোয়াখালী।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭৫৩৬৭৫৪১/_____/ নথি নং-_____

তারিখঃ .০১.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নোয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।
৪. সভাপতি, বাকীপুর ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বাকীপুর ছিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী।
৬. জনাব মোঃ ইয়াকুব, পোঃ টি পি বটিকা, বেগমগঞ্জ, নোয়াখালী।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বক্শীবাজার, ঢাকা।

বিষয় : অবৈধ অভিভাবক সদস্য পদ হতে বহিষ্কার করা প্রসঙ্গে।

জনাব,

বিনয়ের সাথে জানাচ্ছি যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা একটি ঐতিহ্যবাহী দ্বিনী শিক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে মো: আবু হোরায়া, পিতা মকবুল আহমদ নামে একজন সদস্য অবৈধভাবে অভিভাবক সদস্য পদ দখল করে আছেন। উক্ত ব্যক্তি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক। উপজেলা জামায়াত শিবিরের সূরা সদস্য। তিনি তার ছেলে মো: আতা উল্লাহ ইয়ামীনকে ২০১৬ ইং সনে উক্ত মাদ্রাসায় ভর্তি দেখিয়ে অভিভাবক সদস্য হন। যার রোল নং ৫৫, শ্রেণী দাখিল ৭ম। কিন্তু একই বছর তিনি তার ছেলেকে কৌশলে অত্র মাদ্রাসা থেকে নিয়ে প্রাইভেট প্রতিষ্ঠান নোয়াখালী ক্যাডেট মাদ্রাসায় ভর্তি করান। এবং ২০১৭ ইং সনে বেগমগঞ্জ উপজেলাধীন পশ্চিম অনন্তপুর আলিম মাদ্রাসা হতে জেডিসিতে অংশগ্রহণ করান। যার নাম আতাউল্লাহ ইয়ামীন, রোল নং: ৩৫৭৬১৬, রেজি নং: ১৭১৮৬৮৭৮৬৪, কেন্দ্র বেগমগঞ্জ (২) একলাসপুর। একজন সচেতন অভিভাবক হিসেবে প্রশ্ন হলো তার সন্তান প্রতিষ্ঠানে না থাকলে কীভাবে তার ম্যানেজিং কমিটির সদস্য পদ বহাল থাকে। উপরন্তু আবু হোরায়া বিগত পর পর (১৩) তেরটি সভায় অনুপস্থিত থাকে এবং একজন সরকারী শিক্ষক হয়েও অন্য প্রতিষ্ঠানে বিশৃঙ্খল কর্মকান্ড পরিচালনা করে থাকেন। এ ক্ষেত্রে তার এ সকল কর্মকান্ডে মাদ্রাসার দুজন শিক্ষক প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে জড়িত যা তদন্তকালীন সময় প্রকাশ হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার অনুমতি ছাড়াই তিনি এ দায়িত্বে বহাল আছেন। তার বিরুদ্ধে বিদেশ প্রেরণের নামে প্রতারণা ও চাকুরির তৎবির সংক্রান্ত অসংখ্য অভিযোগ সংশ্লিষ্ট থানায় রয়েছে। একজন সরকারী শিক্ষক হয়ে কীভাবে অন্য প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্য হন এবং দুর্নীতি করে তা আমাদের বোধগম্য নয়।

অতএব, মহোদয়ের নিকট আমরা সচেতন অভিভাবক মহলের পক্ষ থেকে আকুল আবেদন, অত্র মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের পড়ালেখার স্বার্থে উক্ত অবৈধ অভিভাবক সদস্যকে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য পদ হতে অব্যাহতি দিয়ে তাকে এবং তার অবৈধ কর্মকান্ডের সহযোগী শিক্ষকদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণে মহোদয়ের মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক,

মো: ইয়াকুব

(মো: ইয়াকুব)

পো: টি, পি, বাটিকা

বেগমগঞ্জ, নোয়াখালী।

মোবা: ০১৮১-৭৫৩৬৭৫৪

বাকীপুর ছিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার অভিভাবকগণের পক্ষে।

অনুলিপি:

১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক কমিটি অনুমোদন পত্র।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



স্বাক্ষর: ইয়াকুব

নাম: মোঃ ইয়াকুব
Name: Md. Yeakub
পিতা : এ এইচ এম জহিরুল ইসলাম
মাতা: মোসাঃ সুফিয়া বেগম
Date of Birth: 28 Feb 1979
ID NO: 7510780098967

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য
কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা : বাসা/হোল্ডিং : মাদু মন্টারের বাড়ী, গ্রাম/রাস্তা : বাকীপুর, বাকীপুর, ডাকঘর
টি, পি, বটিকা, বেগমগঞ্জ, নোয়াখালী।

রক্তের গ্রুপ / Blood Group: B+

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর প্রদানের তারিখ: ১৩/০৪/২০০৮

